

উপজেলা কৃষি ও সেচ কমিটির দ্বিমাসিক সভা।

সভাপতি : জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা।

তারিখ : ০১/০৭/১৯ খ্রিঃ।

সময় : ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়।

উপস্থিত সদস্য বৃন্দ :

- ১। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ - (সদস্য)
- ২। চেয়ারম্যান ৩নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ - (সদস্য)
- ৩। চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ- (সদস্য)
- ৪। উপজেলা কৃষি অফিসার, বটিয়াঘাটা, খুলনা - (সদস্য সচিব)

উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সদস্য সচিবকে বিগত সভার কার্যবিবরণী পাঠ পূর্বক কার্যপত্র অনুসারে বর্তমান সভায় আলোচনা করার জন্য অনুরোধ জানান। অতঃপর সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি বর্তমান সভার আলোচনা শুরু করেন।

আলোচনা-০১ : রোপা আমন ধানের বীজতলা সংক্রান্ত।

সদস্য সচিব সভায় জানান যে, এ বছর এই উপজেলায় মোট ১৭৬০০ হেক্টর জমিতে রোপা আমন ধান চাষের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। রোপা আমন বীজতলা তৈরি শুরু হয়েছে। সুস্থসবল চারা তৈরি ও বীজতলার সঠিক পরিচর্যা জন্য আদর্শ বীজতলা করা প্রয়োজন। এ লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা সভা, উঠান বৈঠক ও ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে কৃষকদের প্রতিনিয়ত পরামর্শ দিয়ে চলেছেন। কৃষকদের এ বিষয়ে আরও সচেতন করার লক্ষ্যে উপজেলা কৃষি অফিসার মহোদয় কমিটির সকল সদস্য ও জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ০১

উপজেলা কৃষি অফিসার মহোদয় এ ব্যাপারে উপজেলা কৃষি ও সেচ কমিটির সকল সদস্যসহ উপজেলা সমন্বয় কমিটির সকল সদস্য ও জনপ্রতিনিধিদের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা - ০২ অফ সিজন তরমুজ চাষ।

সদস্য সচিব সভায় জানান যে, এই উপজেলার বিভিন্ন এলাকার কৃষকেরা উচ্চমূল্যের ফসল হিসাবে অফ সিজন তরমুজ চাষ শুরু করেছেন। বর্ষা মৌসুম বিধায় কৃষকেরা ঘেরের পাড়ে অফ সিজন তরমুজ চাষ করেন। তরমুজ চাষের ক্ষেত্রে কৃষকদের বেশী বেশী করে ভার্মি কম্পোস্ট ও জৈব কীটনাশক ব্যবহারে সহযোগিতা করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বটিয়াঘাটা, খুলনা, এর মাঠ পর্যায়ের দলীয় আলোচনা, উঠান বৈঠক, ক্যাম্পিং ইত্যাদির মাধ্যমে কৃষকদের সচেতন করে চলেছেন। তরমুজ চাষের ক্ষেত্রে কৃষকেরা এ কাজে জনপ্রতিনিধিদের সহযোগিতা করার সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা কৃষি অফিসার মহোদয় এ ব্যাপারে উপজেলা কৃষি ও সেচ কমিটির সকল সদস্যসহ উপজেলা কৃষি ও সেচ কমিটির সকল সদস্য ও জনপ্রতিনিধিদের সহযোগিতা করার সিদ্ধান্ত গহীত হয় ।

অতঃপর অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।



নিতাই গাইন

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও


ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বটিয়াঘাটা, খুলনা ।

তারিখ : ০১/০৭/২০২১ খ্রিঃ

স্মারক নং : ০৩(৫)

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।
- ৩। ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।
- ৪। চেয়ারম্যান, ৩ নং গংগারামপুর ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।
- ৫। চেয়ারম্যান, ৬ নং বালিয়াডাঙ্গা ইউনিয়ন পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।



উপজেলা কৃষি অফিসার
বটিয়াঘাটা, খুলনা ।